

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
BANGLADESH WATER DEVELOPMENT BOARD



তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়  
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল  
ওয়্যাপদা ভবন(নবম ভলা)  
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
ফোনঃ ৫৭১৬৪৩৪৭



Office of the Superintending Engineer  
Contract and Procurement Cell  
WAPDA Bhaban (8<sup>th</sup> floor)  
Motijheel C/A, Dhaka-1000  
Phone: 57164347  
email: dir.cpc@bwdb.gov.bd

ই-মেইলঃ dir.cpc@bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৮

তারিখ : ২৬-০৭-২০২০ খ্রিঃ

পরিপত্র

**বিষয়ঃ ই- জিপি সিস্টেমে প্রকিউরমেন্ট প্লানে প্রাক্কলিত ব্যয় ও Estimated cost এর file upload সংক্রান্ত**

এতদ্বারা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্রয় কার্যের সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ই-জিপি সিস্টেমে প্রকিউরমেন্ট প্লান তৈরীর সময় Estimated cost উল্লেখ করতে হয় এবং Estimated cost এর file upload এর option রয়েছে যা Mandatory নয়, Optional. ই-জিপি সিস্টেমে অনুমোদিত প্রকিউরমেন্ট প্লান ই-জিপি সিস্টেমে প্রকাশ বা Publish করা বাধ্যতামূলক। অপরদিকে পিপিআর-২০০৮ এর বিধি ১৬ (৫) (খ) অনুযায়ী অনুমোদিত দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় দরপত্র উন্মুক্তকরণ পর্যন্ত সীলগালা করে রাখার বিধান রয়েছে। এপ্রেক্ষিতে প্রকিউরমেন্ট প্লানে অনুমোদিত প্রাক্কলিত ব্যয় হবহ উল্লেখ না করে Rounding করে উল্লেখ করা যুক্তিস্থত।

২। অনুমোদিত প্রাক্কলনের কপি প্রকিউরমেন্ট প্লানে upload এর প্রয়োজন নেই। অনুমোদিত প্রাক্কলিত ব্যয় দরপত্র দিলে (Tender Document) উল্লেখ করতে হয়, যা দরপত্র উন্মুক্তকরণ পর্যন্ত গোপনীয়।

৩। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
(মোঃ মনিরুল ইসলাম)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৮

তারিখ: ২৬-০৭-২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। প্রধান প্রকৌশলী/অতিঃপ্রধান প্রকৌশলী/..... বাপাউবো,.....।
- ২। পরিচালক/প্রকল্প পরিচালক / তত্ত্বাবধায়ক প্রকৌশলী ..... বাপাউবো, .....
- ৩। সচিব, বাপাউবো, ঢাকা।
- ৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিতে আনার অনুরোধসহ)
- ৫। নির্বাহী প্রকৌশলী..... বাপাউবো,.....।
- ৬। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৭। ব্যক্তিগত সহকারী, অতিঃ মহাপরিচালক (.....) বাপাউবো, ঢাকা। (অতিঃ মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিতে আনার অনুরোধসহ)
- ৮। দপ্তর কপি।

  
২৬/০৭/২০২০  
(মোঃ হাফিজুল আলম)  
নির্বাহী প্রকৌশলী